

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।







পরিশিষ্ট কঃ

সভার তারিখঃ ২২/০৯/২০১৯ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৮	মোঃ মোস্তাফিজুল হক	COA GROUP-3	
৯			

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ২২/০৯/২০১৯ ইং তারিখ রোজ সোমবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. জেডার এ্যাকশন প্ল্যান(GAP) বাস্তবায়ন অত্র পৌরসভায় ২০১৯-২০ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুমোদন প্রসংগে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৮/০৮/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেডার এ্যাকশন প্ল্যান(GAP) বাস্তবায়ন অত্র পৌরসভায় ২০১৯-২০ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুমোদন প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভা কতৃক জেডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে ২০১৯-২০ অর্থ বছরের জন্য পৌরসভার বাজেটে মোট ৯,৭৭,৯৪০.০০ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এই বাজেটটি মোট রাজস্ব বাজেটের ২%। (GAP) বাস্তবায়নে ২০১৯-২০ অর্থ বছরের এই বাজেট ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন করে একটি কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুত কৃত কর্মপরিকল্পনাটি সভায় উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ করলে জনাব খোন্দকার জাহিদুল হক এটি সভায় উপস্থাপন করেন। এর মধ্যে উল্লেখ যোগ্য কাজের মধ্যে রয়েছে র্যালী ও আলোচনা সভার ব্যয় নির্বাহ, নারী বান্ধব অবকাঠামো নির্মাণ, নারী ও শিশু সংক্রান্ত বিষয়ে সভা ও সেমিনার	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	বাবদ ব্যয়, আর্থিক অনুদান ইত্যাদি। বাজেট নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এক পর্যায়ে সকলের সম্মতিতে কর্মপরিকল্পনাটি অনুমোদন করা হয়।	
বিবিধ	<p>জনাবা মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত) সভায় বলেন, প্রতিবছর পৌরসভা কতক জেভার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে বাজেট বরাদ্দ রাখা হয় এবং কর্মপরিকল্পনা করা হয়। কিন্তু অর্থ বছর শেষে দেখা যায় কর্ম পরিকল্পনা অনুযায়ী অর্থ খরচ হয় না। এ বিষয়ে সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।</p> <p>মেয়র মহোদয় সভায় জানান, ইচ্ছা থাকা সত্ত্বেও অনেক সময় সব কিছু করা সম্ভব হয় না। তিনি বলেন, আপনারা সকলেই জানান পৌরসভার আয় দিয়ে সমস্ত ব্যয় নির্বাহ করতে হয়। যার কারণে অনেক সময় শতভাগ কাজ করা সম্ভব হয়না। তবে আমাদের আন্তরিকতার অভাব নেই। আপনাদের সকলের প্রচেষ্টায় এবার (GAP) বাস্তবায়নে বাজেট যথাযথ ব্যবহারের চেষ্টা করা হবে।</p>	পৌর পরিষদ

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হামিদা)

মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।
২., সদস্য, নারী ও শিশু কমিটি।